



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd



নং- ঢাশিবো/বি/১২২/ঢাকা/

তারিখ :

বিষয় : বিদ্যালয়ের প্রতিষ্ঠাতা সদস্য প্রসঙ্গে।

- সূত্র : (১) মহামান্য হাইকোর্ট বিভাগের দেওয়ানী রিভিশন নং- ১৫৭৮/২০১৭ এবং ২৮/১২/২০১৬ তারিখের সম্পাদিত যুক্তিপত্র।
 (২) মাননীয় সাংসদ জনাব কাজী ফিরোজ রশীদ, ঢাকা- ৬ এর ২০/০৯/২০২০ তারিখের স্মারক নং- বাজাস/এমপি/ ঢাকা-৬/২০২০(৯৪) পত্র।
 (৩) প্রধান শিক্ষকের ১৯/০৩/২০২০ তারিখের আবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে, সূত্রোক্ত ১নং ক্রমিকে মহামান্য হাইকোর্ট বিভাগের দেওয়ানী রিভিশন নং- ১৫৭৮/২০১৭ এর আদেশ মোতাবেক ২৮/১২/২০১৬ তারিখের সম্পাদিত চুক্তিপত্রের ক্রমিক নং- ১০ অনুযায়ী “শিক্ষা মন্ত্রণালয়ের নিয়ম-নীতি অনুসারে জনাব এ.কে.এম. বরকতউল্লাহ, ওয়ারী আবেদ উচ্চ বিদ্যালয়ের প্রতিষ্ঠাতা সদস্য হিসেবে থাকিবেন” মর্মে উল্লেখ রয়েছে।

নিম্নে প্রতিষ্ঠাতা সদস্য সম্পর্কিত শিক্ষা মন্ত্রণালয়ের নিয়ম-নীতি উপস্থাপন করা হলো :

১। বেসরকারি মাধ্যমিক স্কুলের ম্যানেজিং কমিটি বিধিমালা ১৯৭৭ এর বিধি ৪ এর উপ-বিধি ৩ (ই) অনুযায়ী প্রতিষ্ঠাতা হবেন, যিনি প্রতিষ্ঠানটি প্রতিষ্ঠার সময় এক সাথে ১৫,০০০/- (পনের হাজার) টাকা নগদ বা পণ্যের মাধ্যমে প্রদান করবেন। যা পরবর্তীতে ২৪/০৬/২০০৪ ইং তারিখে সংশোধন করে ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা করা হয়। উপ বিধি ৩(ই) এর (ii) অনুযায়ী যে ব্যক্তি স্কুল প্রতিষ্ঠার জন্য প্রয়োজনীয় জমি দান করেছেন উক্ত প্রতিষ্ঠাতাগণ সারা জীবনের জন্য ভোটার হবেন এবং প্রতিষ্ঠাতা সদস্য হিসাবে নির্বাচনে অংশ নিতে পারবেন। তবে উক্ত বিধি কার্যকর হবার অব্যাহতি পূর্বে যার নাম প্রতিষ্ঠাতার তালিকায় অন্তর্ভুক্ত রয়েছে, তিনিও প্রতিষ্ঠাতা হবেন।

২। বেসরকারি উচ্চমাধ্যমিক কলেজের গভর্নিংবডি বিধিমালা ১৯৭৭ এর উপবিধি ২(সি) অনুযায়ী “প্রতিষ্ঠাতা বলতে যিনি কলেজ প্রতিষ্ঠার সময় নগদে বা পণ্যের মাধ্যমে ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা দান করেন বা ট্রাস্ট ফান্ড দলিল ও অন্যান্য দলিলে বা প্রতিষ্ঠাতা তালিকায় যার নাম আছে তাকে বুঝায়”। যা পরবর্তীতে সংশোধন করে ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা করা হয়।

৩। ম্যানেজিং কমিটি গঠন সংক্রান্ত প্রবিধানমালা এস. আর. ও নং-৯৯/আইন/২০০৯ এর প্রবিধি ২ এর উপ-বিধি ‘ছ’ বিশেষ ভাবে লক্ষণীয়, এখানে “প্রতিষ্ঠাতা” অর্থ মাধ্যমিক বা উচ্চ মাধ্যমিক স্তরের বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান প্রতিষ্ঠাকারী কোন ব্যক্তি বা ব্যক্তিবর্গ, যিনি বা যাঁহারা সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রতিষ্ঠার নিমিত্ত অন্তত ১০ (দশ) লক্ষ টাকা নগদে বা চেকের মাধ্যমে কিংবা সমমূল্যের স্থাবর সম্পত্তি সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের অনুকূলে দান করিয়াছেন, তবে এই প্রবিধানমালা বলবৎ হইবার অব্যাহতি পূর্বে বিদ্যমান মাধ্যমিক বা উচ্চ মাধ্যমিক স্তরের বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের গভর্নিং বডি বা ম্যানেজিং কমিটি সংক্রান্ত কোন প্রবিধানমালা অনুযায়ী কোন ব্যক্তি বা ব্যক্তিবর্গ কোন বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের প্রতিষ্ঠাতা থাকিলে উক্ত ব্যক্তি বা ব্যক্তিবর্গ এই প্রবিধানমালার উদ্দেশ্য পূরণকল্পে, সংশ্লিষ্ট বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের প্রতিষ্ঠাতা হিসেবে গণ্য হবেন”।

ম্যানেজিং কমিটি গঠন সংক্রান্ত প্রবিধানমালা ১৯৭৭ ও ২০০৯ এর উক্ত বিধি অনুসরণ করলে দেখা যায়, একমাত্র প্রতিষ্ঠাকালীন সময়ে যিনি নগদ অর্থ বা সমসপরিমাণ পণ্যের মাধ্যমে প্রদান করবেন বা ট্রাস্ট ফান্ড দলিল ও অন্যান্য দলিলে প্রতিষ্ঠাতা তালিকায় যার নাম অন্তর্ভুক্ত থাকবে তিনিই প্রতিষ্ঠাতা সদস্য হিসেবে গণ্য হবেন।

৩। ২৮/১২/২০১৬ তারিখের সম্পাদিত চুক্তিপত্র অনুযায়ী, বর্তমান মোতওয়াল্লি জনাব এ.কে.এম. বরকতউল্লাহ নতুনভাবে প্রতিষ্ঠাতা সদস্য হিসেবে অন্তর্ভুক্ত হওয়ার বিষয়টি শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত ম্যানেজিং কমিটি/গভর্নিংবডি গঠন সংক্রান্ত প্রবিধানমালা ১৯৭৭ ও ২০০৯ এর অনুসরণীয় বিধিমালা/নিয়ম-নীতির সাথে সম্পূর্ণ সাংঘর্ষিক। উল্লেখ্য, বিদ্যালয়টি প্রতিষ্ঠিত হয় ০১/০১/১৯৬৬, নিম্ন মাধ্যমিক পাঠদান ০১/০১/১৯৭২, মাধ্যমিক পাঠদান ০১/০১/১৯৭৬ এবং এমপিও ভুক্ত হয় ০১/০৯/১৯৮৪।

বিষয়টি আপনার জ্ঞাতার্থে অবহিত করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

স্বাঃ

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড

ঢাকা।

প্রাপক : প্রধান শিক্ষক

ওয়ারী উচ্চ বিদ্যালয়

ওয়ারী, সূত্রাপুর, ঢাকা।

মেমো নং-

৩০৭০৫

তারিখ : ২৮/১২/২০২০

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। কাজী ফিরোজ রশীদ, মাননীয় এমপি, ঢাকা- ৬, বাংলাদেশ জাতীয় সংসদ।
- ২। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ৪। জেলা প্রশাসক, ঢাকা।
- ৫। জেলা শিক্ষা অফিসার, ঢাকা।
- ৬। সভাপতি, ম্যানেজিং কমিটি, ওয়ারী উচ্চ বিদ্যালয়।
- ৭। অফিস কপি।

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড

ঢাকা।